



জেলা পরিষদ

রাজবাড়ী

www.zprajbari.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

রাজবাড়ী জেলা পরিষদের উদ্যোগে শীতাত্ত গরীবের মাঝে কম্বল বিতরণ:

রাজবাড়ী জেলা পরিষদের উদ্যোগে সম্প্রতি জেলা পরিষদের ২০ (বিশ) টি ওয়ার্ডের আওতাভুক্ত ৪২ (বিয়াল্লিশ) টি ইউনিয়ন ও ৩ (তিনি) টি পৌরসভায় হত দরিদ্র ও শীতাত্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়। গত ১৭ই জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদের ৩৩ (তেত্রিশ) তম সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিষদের রাজস্ব বাজেটের ত্রাণ খাত হতে ২০ (বিশ) লক্ষ টাকায় পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক এই কম্বল সংগ্রহ করা হয়। রাজবাড়ী -১ নং সংসদীয় আসনের ১০ (দশ) টি ওয়ার্ডের প্রতিটিতে ১২০ (একশত বিশ) টি করে কম্বল এবং রাজবাড়ী-২ নং আসনের ১০ (দশ) টি ওয়ার্ডের প্রতিটিতে ৩৬০ টি করে কম্বল সংশ্লিষ্ট সদস্যগণ বিতরণ করেন। এ ছাড়াও সমগ্র জেলায় জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ফকীর আব্দুল জব্বার ১১৫০ (এক হাজার একশত পঞ্চাশ) টি কম্বল হত দরিদ্রদের মাঝে বিতরণ করেন। উল্লেখ্য, করোনা কালীন জেলার কর্মহীন গরীব জনসাধারণের মাঝে জেলা পরিষদের পক্ষ থেকে ৩৭ (সাঁইত্রিশ) লক্ষ টাকার খাদ্য শস্য সহ বিভিন্ন আগসামগ্রী বিতরণ করা হয়। এ ছাড়াও করোনা মোকাবেলার জন্য এডিপি অর্থায়নে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার ফেস মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড ওয়াশ বিতরণের জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে।

২১/১/২১

২৯.০১.২০২১

(মুহাম্মদ রফিকুল ইসলাম)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা:)

জেলা পরিষদ, রাজবাড়ী

ফোন: ০৬৪১-৬৬৬০০৩ (অ)

ই-মেইল: zprajbari@yahoo.com